



বালুমহাল ইজারা বিজ্ঞপ্তি
(১ম ও ২য় পর্যায়)

ব্রাহ্মণবাড়িয়া জেলার নিম্নবর্ণিত ০২(দুই) টি বালুমহাল ১৪২৮ বঙ্গাব্দের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ইজারা প্রদানের নিমিত্ত বালুমহাল ইজারা দরপত্রে অংশগ্রহণের জন্য তালিকাভুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত দরপত্র ফরমে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম, জেলাপ্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া এর এস, এ শাখা ও সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে ১,০০০/- (এক হাজার) টাকা নগদ মূল্যে (অফেরতযোগ্য) দরপত্র ফরম সংগ্রহ করতে হবে এবং নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম, জেলাপ্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া এর এস,এ শাখা ও সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে রক্ষিত বাক্সে দরপত্র দাখিল করতে হবে। ঐ দিন বেলা ২.৩০ ঘটিকায় দরপত্র দাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হবে। ভুল/অসম্পূর্ণ/অসত্য তথ্য সম্বলিত দরপত্র বিবেচনাযোগ্য হবে না। জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী সর্বোচ্চ দরদাতাকে বালুমহাল ইজারা প্রদান করা হবে। ইজারামূল্যের সাথে সরকারি বিধি মোতাবেক আয়কর, ভ্যাট এবং সরকার আরোপিত অন্যান্য কর(যদি থাকে) প্রদান করতে হবে। দরপত্রের শর্তাবলী ও বালুমহালের অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি জেলাপ্রশাসকের কার্যালয়ের এস.এ. শাখা এবং সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে সংগ্রহ করা যাবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

দরপত্র বিক্রয় ও গ্রহণের সময়সূচি :

পর্যায়	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময়	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়
১ম পর্যায়	৩০.০৩.২০২১ তারিখ অফিস চলাকালীন সময়।	৩১.০৩.২০২১ তারিখ সকাল ০৯.০০ ঘটিকা হতে বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত।	৩১.০৩.২০২১ তারিখ বেলা ২.৩০ ঘটিকা।
২য় পর্যায়	১১.০৪.২০২১ তারিখ অফিস চলাকালীন সময়।	১২.০৪.২০২১ তারিখ সকাল ০৯.০০ ঘটিকা হতে বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত।	১২.০৪.২০২১ তারিখ বেলা ২.৩০ ঘটিকা।

২। উপরোক্ত সময়সূচী অনুযায়ী ১ম পর্যায়ে উপযুক্ত দরদাতা পাওয়া না গেলে বা অন্য কোন কারণে ইজারা বন্দোবস্ত প্রদান করা সম্ভব না হলে পর্যায়েক্রমে ২য় পর্যায়ে দরপত্র গ্রহণ করা হবে। এ ক্ষেত্রে পুনঃ ইজারা বিজ্ঞপ্তি প্রচার করা হবে না।

৩। ইজারার অন্যান্য শর্তাদি দরপত্র বিক্রয়ের সাথে প্রদান করা হবে। তাছাড়া জেলা প্রশাসকের কার্যালয়ের, এস,এ শাখা এবং সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে জানা যাবে।

ব্রাহ্মণবাড়িয়া জেলার ১৪২৮ বাংলা সনে ইজারাযোগ্য বালুমহালের তালিকা :

ক্রঃ নং	বালু মহালের নাম	মৌজার নাম ও আয়তন	১৪২৮ বাংলা সনে সরকারি ইজারামূল্য	মন্তব্য
০১	জয়কালিপুর পশ্চিম বালুমহাল উপজেলা -বাঞ্ছারামপুর	পশ্চিম চর জয়কালিপুর আয়তন-৫০ একর	২,০৩,৫০,০০০/-	
০২	মোগড়া পূর্ব বালুমহাল উপজেলা-আখাউড়া	মৌজা-রাজধরগঞ্জ, ধর্মনগর,মোগড়া, নীলাখাত, নোয়াপাড়া, বচিয়ারা, খলাপাড়া, ছয়ঘড়িয়া, জয়নগর, আয়তন-৪০ একর	৫,০৮,২০১/-	

৪। উল্লিখিত ইজারাযোগ্য বালুমহালের মধ্যে বিজ্ঞ আদালতে কোন নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকলে তা বিজ্ঞপ্তি প্রকাশের ০৫(পাঁচ) দিনের মধ্যে সংশ্লিষ্ট পক্ষ সর্বশেষ অবস্থা/আরজির অনুলিপি ও অন্যান্য কাগজপত্রসহ নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। অন্যথায় কোন নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা নেই মর্মে ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৬/০৬/২০২০

(হায়াত-উদ-দৌলা খাঁন)

জেলাপ্রশাসক

ব্রাহ্মণবাড়িয়া

টেলিফোন-০৮৫১-৫৭৭১২


Email-dcbrahmanbaria@mopa.gov.bd

নং-৩১.৪২.১২০০.১২.২৮.০০১.২১. ২২৪/৬

তারিখ: ২৬ ফাল্গুন ১৪২৭
০৮ মার্চ ২০২১

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো :

- ১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।


জেলাপ্রশাসক
ব্রাহ্মণবাড়িয়া।


নং-৩১.৪২.১২০০.১২.২৮.০০১.১৯. ২২৪/৬ (৫০)

তারিখ: ২৬ ফাল্গুন ১৪২৭
০৮ মার্চ ২০২১

অনুলিপি: জ্ঞাতার্থে ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো :

- ১। পরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো, ১৫৩ পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। পরিচালক, পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
- ৩-৬। অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), নারায়ণগঞ্জ/ কিশোরগঞ্জ/হবিগঞ্জ/কুমিল্লা/নরসিংদী।
- ৭-১৫। উপজেলা নির্বাহী অফিসার..... (সকল), ব্রাহ্মণবাড়িয়া।
- ১৬-২৪। সহকারী কমিশনার(ভূমি),..... (সকল), ব্রাহ্মণবাড়িয়া।
- ২৫। জেলা তথ্য অফিসার, ব্রাহ্মণবাড়িয়া।
- ২৬। সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া অঞ্চল।
- ২৭। সম্পাদক, দৈনিকঢাকা/ব্রাহ্মণবাড়িয়া। তাঁর পত্রিকায় ভিতরের পাতায় সপ্তপরিসরে ০১(এক) সংখ্যায় প্রকাশ করে ৫(পাঁচ) কপি পত্রিকা এ কার্যালয়ে দাখিল করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।
- ২৮-৫০। জনাব.....

৫১। নোটিশ বোর্ড অত্র কার্যালয়।


জেলাপ্রশাসক
ব্রাহ্মণবাড়িয়া।